

## সবার ক্ষমতায়ন ও সাফল্য বৃদ্ধি

### উন্নত স্কুলের গঠনকাঠামো



ডিপার্টমেন্ট অভ এডুকেশন যে পন্থায় আমাদের স্কুলগুলোর অংশীদার হবে, তাতে একটি মৌলিক পরিবর্তন হলো **উন্নত স্কুলের গঠনকাঠামো**।

উন্নত স্কুলের গঠনকাঠামো যা করবে -

- স্কুলের প্রতি সহায়তা প্রদান ও দায়বদ্ধতা সম্পর্কে ডিস্ট্রিক্টকে একটি সামগ্রিক, গবেষণাভিত্তিক প্রক্রিয়া তৈরির সুযোগ দেয়, যা স্কুলের প্রতিদিনকার কর্মকাণ্ডের স্বীকৃতি দেয় ও অভিনন্দিত করে। শিক্ষার্থীরা পরীক্ষার নস্বরের চাইতে অনেক মূল্যবান, আমাদের প্রক্রিয়াটি সে বাস্তবতাকে গুরুত্ব দেবে।
- স্কুলগুলোকে স্ব-স্ব প্রয়োজনানুযায়ী সহায়তা প্রদান করে এবং পেশাদার শিক্ষণ কমিউনিটি তৈরিতে উৎসাহ জোগায়।
- শিক্ষার্থীর সাফল্য বৃদ্ধির জন্য ক্ষমতায়ন করার সাধারণ লক্ষ্য বাস্তবায়নের জন্য স্কুল ও স্কুল ব্যবস্থাকে দায়বদ্ধ করে।
- প্রতিযোগিতার স্থলে সহযোগিতাকে প্রতিস্থাপন করে এবং উন্নয়নের একটি সাধারণ প্রক্রিয়া প্রতিষ্ঠা করে।
- স্কুলের ও কমিউনিটির সামর্থ্যকে একীভূত করে যাতে শিক্ষার্থীদেরকে স্কুলের সময় ও স্কুলের সময়ের বাইরেও সহায়তা দেওয়া যায়।
- নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল থেকে উত্তীর্ণ হওয়া প্রতিটি ছেলেমেয়েকে উচ্চতর শিক্ষাগত সাফল্য লাভের জন্য প্রস্তুত করে যাতে তারা একুশ শতকের কর্মজগতের জন্য প্রতিদ্বন্দ্বিতা করতে পারে।

### যে ছয়টি উপাদানে উন্নত স্কুলের গঠনকাঠামো তৈরী

#### কার্যকর শিক্ষানির্দেশনা

ব্যক্তিভিত্তিক, সর্বব্যাপ্ত, প্রশোধনামূলক এবং কমন কোর এর সাথে সামঞ্জস্যপূর্ণ শিক্ষানির্দেশনা। প্রতিটি ক্লাসরুমে উচ্চ মান প্রতিষ্ঠিত। শিক্ষার্থীরা সর্বদা উচ্চাকাঙ্ক্ষায়ুক্ত বুদ্ধিবৃত্তিক কর্মকাণ্ডে সক্রিয়ভাবে সংশ্লিষ্ট এবং বিশ্লেষণী চিন্তন দক্ষতায় সমৃদ্ধ হচ্ছে।

#### সহায়ক পরিবেশ

স্কুল একটি ক্লাসরুম ও স্কুল সংস্কৃতি প্রতিষ্ঠা করে যেখানে শিক্ষার্থীরা নিরাপদ, সহায়তাপ্রাপ্ত বলে অনুভব করে এবং শিক্ষক ও সহপাঠীদের কাছ থেকে চ্যালেঞ্জের মুখোমুখি হয়।

#### সহযোগী শিক্ষক

শিক্ষকগণ সাফল্যের জন্য এবং তাদের ক্লাসরুম ও স্কুলের উন্নতির জন্য প্রতিশ্রুতিবদ্ধ। তারা একটি মর্যাদাপূর্ণ পরিবেশে পেশাদারিত্ব উন্নয়নের ও অব্যাহত সমৃদ্ধি অর্জনের সুযোগ লাভ করেন।

#### কার্যকর স্কুল নেতৃত্ব

প্রিন্সিপ্যালগণ দৃষ্টান্ত স্থাপন করে এবং শিক্ষার্থীদের সাফল্য বৃদ্ধিকারক শিক্ষানির্দেশনা ও সামাজিক-মানসিক সহায়তা প্রদানের মাধ্যমে পরিচালিত হন এবং শিক্ষক ও স্টাফদের পেশাদারিত্বের উন্নয়নে সহায়তা করেন।

#### শক্তিশালী পরিবার-কমিউনিটি মৈত্রী

স্কুল নেতৃত্ব পরিবার, ব্যবসা এবং কমিউনিটি-ভিত্তিক সংগঠনের মৈত্রী স্থাপন করে একটি আন্তরিক, প্রেরণাদায়ী এবং উন্নয়নমূলক মৈত্রী স্থাপনের মাধ্যমে স্কুলভবনে কমিউনিটি থেকে উপকরণ সংগ্রহ আনে।

#### আস্থা

শিক্ষার্থীদের সাফল্য বৃদ্ধি করা, স্কুল ও স্কুল জীবনের বাইরেও সাফল্যের জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করার সাধারণ লক্ষ্য বাস্তবায়নের জন্য সবাই কাজ করেন। স্কুল কমিউনিটির সর্বত্রই মর্যাদাবোধ আছে। স্কুল স্টাফ, পিতামাতা, শিক্ষার্থী এবং স্কুল প্রশাসন পরস্পরের মূল্য দেন।

আরও তথ্যের জন্য

<https://schools.nyc.gov/framework> ওয়েবসাইট দেখুন।

T&I-22208 (Bengali)